

**ডিসেম্বর থেকে শিক্ষকদের  
বেতন-ভাতা মাসিক  
ভিত্তিতে দেয়া হবে**

আগামী ডিসেম্বর ১৯৪৪ থেকে বাংলাদেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতা বাবদ সরকারী মঞ্জুরী মাসিক ভিত্তিতে প্রদান করা হবে।

**ডিসেম্বর থেকে**

(৬-এর পরে পর)

শিক্ষা মন্ত্রণালয় থেকে দেশের শিক্ষক ও কর্মচারীদের বেতন প্রাপ্তির অন্তর্বিধান কথা বিবেচনা করে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতিপূর্বে ত্রৈমাসিক ভিত্তিতে শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতা প্রদান করা হতো। ভবিষ্যতে কম্পিউটারে প্রণীত 'মানখালি-পে অর্ডার (এমপিও) এর মাধ্যমে প্রতি মাসে প্রদান করা হবে। বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের জন্য সরকারী পর্যায়ে প্রথমবারের মতো এ ধরনের ব্যবস্থা নেয়া হলে। প্রাথমিক পর্যায়ে এমপিও কেবলমাত্র ঢাকা বিভাগের শিক্ষা-প্রতিষ্ঠানসমূহের জন্য প্রচলন করা হবে। পর্যায়ক্রমে এ ব্যবস্থা চট্টগাম, রাজশাহী ও খুলনা বিভাগে চালু করা হবে।

দ্বিতীয় কিস্তির চেক হস্তান্তর দেশের বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষক ও কর্মচারীদের বেতন ও ভাতাদি বাবদ চলতি অর্থ বছরের (১৯৪৪-৪৫)

সেপ্টেম্বর, অক্টোবর ও নবেম্বর মাসের দ্বিতীয় কিস্তির সরকারী অনুদান মোট ৩৫ কোটি ৩৭ লক্ষ ১২ হাজার ২ শত ৩২ টাকা ছাড় করা হয়েছে। মন্ত্রণালয় থেকে সোমবার আনুষ্ঠানিকভাবে সেনালাী রূপালী, অগণনী ও জনতা ব্যাংক কর্তৃপক্ষের কাছে উপরোক্ত টাকার চেক হস্তান্তর করা হয়।

ব্যাংক কর্তৃপক্ষকে দেশের ১২ হাজার বেসরকারী মাদ্রাসা, মাধ্যমিক স্কুল ও কলেজসমূহের শিক্ষক ও কর্মচারীদের মধ্যে এই অনুদানের টাকা অবিলম্বে বিলি করে করার নির্দেশ দেয়া হয়েছে।

এছাড়াও দেশের সকল বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানকে নিজ নিজ এলাকার স্থানীয় নির্দিষ্ট ব্যাংক শাখার সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।